



## চতুর্দশ অধ্যায়
# পোশাকের যত্ন ও সংরক্ষণ

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

- **পোশাকের যত্ন :** পোশাক পরিধান করলে তাতে ময়লা হওয়া স্বাভাবিক ব্যাপার। ময়লা পোশাকটি সঠিক নিয়মে ধুয়ে, যথাযথ উপায়ে ভাঁজ করে নির্দিষ্ট জায়গায় তুলে রাখাই হচ্ছে পোশাকের যত্ন। ছেঁড়া পোশাক মেরামত করাও পোশাকের যত্নের অন্তর্ভুক্ত হবে।
- **পোশাকের দৈনিক যত্ন :** প্রতিদিন পোশাকের যে যত্ন নিতে হয় তাই হচ্ছে পোশাকের দৈনিক যত্ন। আমরা প্রতিদিন যে পোশাক পরিধান করি তা গোসলের সময় সাবান পানি দিয়ে ধুয়ে রোদে শুকিয়ে যথাযথ স্থানে তুলে রাখতে হবে।
- **পোশাকের সাপ্তাহিক যত্ন :** সপ্তাহের ছুটির দিনটিতে, পোশাক ছেঁড়া থাকলে মেরামত করতে হবে এবং নিজের পোশাক নিজে ধুয়ে ইস্ত্রি করে রাখতে হবে। জুতা, ব্যাগ ইত্যাদি এই দিনেই পরিষ্কার করতে হবে।
- **মৌসুমি যত্ন :** আমাদের দেশ ষড় ঋতুর দেশ হলেও তিনটি ঋতুতে পোশাকের যে যত্ন নিতে হয় তাকেই মৌসুমি যত্ন বলে। গ্রীষ্মের শেষে পাতলা সুতির পোশাকগুলো ধুয়ে ইস্ত্রি করে নির্ধারিত জায়গায় তুলে রাখতে হয়। বর্ষার শেষে কৃত্রিম তন্তুর পোশাকগুলো ধুয়ে যথাযথ জায়গায় ভাঁজ করে রাখলেই হয়। অন্যদিকে শীতের শেষে শীতের পোশাক ধুয়ে অথবা রোদে শুকিয়ে উঠিয়ে রাখতে হয়।
- **পোশাক সংরৰণ :** পোশাক সংরৰণের মাধ্যমে পোশাককে সুন্দর ও পরিপাটি রাখা যায়। তাই পোশাক সংরৰণের সময় বেশ কিছু পদ্ধতি অনুসরণ করতে হয়। যেমন : পরিষ্কার করে ধোয়া ও ভালোভাবে শুকানোর পরে পোশাক–পরিচ্ছদ সংরৰণ করতে হবে। ধোয়ার সময় পোশাকটি কোন তন্তুর সেদিকে লৰ রাখতে হবে। ইস্ত্রি করার পর সাথে সাথে আলমারিতে সংরৰণ না করে বাতাসে কিছুৰণ উন্মুক্ত অবস্থায় রাখতে হবে। নতুবা তিলা পড়ার সম্ভাবনা থাকে। তাছাড়া পোশাক সংরৰণের স্থানটিতে আলো বাতাসের সুব্যবস্থা থাকবে। দীর্ঘদিন সংরৰণের জন্য কাপড়ের ভাঁজে ভাঁজে ন্যাপথলিন, মথবল, ইত্যাদি দিতে হবে।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. পোশাকের যত্নকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক এক  খ দুই  ● তিন  ঘ চার

**২. কোন ধরনের তন্তুর পোশাকগুলো একসাথে ধোওয়া যায়?**
● সুতি ও লিনেন  খ লিনেন ও রেশমি
গ সুতি ও পশমি  ঘ রেশমি ও পশমি

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ নং ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জেবা আলমারিতে তুলে রাখার জন্য তার সুতি শাড়িগুলো ধুয়ে মাড় না দিয়ে হালকা ভেজা থাকতেই ইস্ত্রি করল।

**৩. জেবা হালকা ভেজা থাকতেই শাড়িগুলো ইস্ত্রি করল কেন?**
ক বিদ্যুৎ খরচ বাঁচাতে  খ কাপড়ের আকৃতি ঠিক রাখতে
● তন্তু নরম রাখতে  ঘ কাপড়ের গরম ভাব দূর করতে

**৪. জেবা শাড়িতে মাড় না দেওয়ার কারণ–**
i. দীর্ঘদিন সংরৰণ করা
ii. পোকার আক্রমণ থেকে রৰা করা
iii. সময় বাঁচানো
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ ii ও iii  গ i ও iii  ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : পোশাকের যত্ন ■ পৃষ্ঠা - ১১৬

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫. পোশাক পরিচ্ছদের পরিচ্ছন্নতা, সৌন্দর্য ও স্থায়িত্ব কিসের ওপর নির্ভর করে?** (জ্ঞান)
ক পোশাকের তন্তু  ● পরিধানকারীর যত্ন
গ পোশাকের সেলাই  ঘ পোশাকের ডিজাইন

**৬. মীরা একটি নতুন জামা পরে বান্ধবীর বাসায় গেল। বাড়িতে ফিরে সে জামাটি কীভাবে রাখবে?** (প্রয়োগ)
ক খুলে সাথে সাথে আলমারিতে ঢুকিয়ে রাখবে
● রোদে শুকিয়ে আলমারিতে সংরৰণ করবে
গ বাইরে উন্মুক্ত অবস্থায় ফেলে রাখবে
ঘ খুলে রোদে দিয়ে বাইরে ফেলে রাখবে

**৭. পোশাকে দাগ লাগলে কী করতে হবে?** (অনুধাবন)
● দাগ দূর করতে হবে
খ দাগ লাগা অবস্থায় উঠিয়ে রাখতে হবে
গ দাগ লাগা অবস্থায় পানিতে ভিজিয়ে রাখতে হবে
ঘ দাগ লাগা পোশাকটি বাদ দিয়ে দিতে হবে

**৮. প্রতিদিন পোশাকের যে যত্ন নিতে হয় তাকে কী বলে?** (জ্ঞান)
● দৈনিক যত্ন  খ সাপ্তাহিক যত্ন
গ বার্ষিক যত্ন  ঘ মৌসুমি যত্ন

**৯. জুতা ও ব্যাগ পরিষ্কার করা কোন যত্নের মধ্যে পড়ে?** (জ্ঞান)
ক দৈনিক যত্ন  ● সাপ্তাহিক যত্ন
গ ত্রৈমাসিক যত্ন  ঘ মৌসুমি যত্ন

**১০. পোশাকের যত্ন সাধারণত কয়টি ঋতুতে নিতে হয়?** (জ্ঞান)
ক ২  ● ৩  গ ৪  ঘ ৫

**১১. সপ্তাহের ছুটির দিনটিতে পোশাকের যে যত্ন নেয়া হয় তাকে কী বলে?** (জ্ঞান)
ক দৈনিক যত্ন  ● সাপ্তাহিক যত্ন
গ বাৎসরিক যত্ন  ঘ মৌসুমি যত্ন

**১২. তিনটি ঋতুতে পোশাকের যে যত্ন নেওয়া হয় তাকে কী বলে?** (জ্ঞান)
ক দৈনিক যত্ন  খ সাপ্তাহিক যত্ন

ⓖ পারিক যত্ন ● মৌসুমি যত্ন

১৩. **গরমের দিনে কোন কাপড়ের পোশাক পরিধান করা ভালো?** (জ্ঞান)
● সুতি ⓚ নাইলন ⓖ রেশম ⓖ লিনেন

১৪. **সেতু তার গ্রীষ্মের পোশাক সংরক্ষণে কোন ব্যবস্থাটি গ্রহণ করবে?** (প্রয়োগ)
● ধুয়ে ইস্ত্রি করে তুলে রাখবে ⓚ ময়লা অপসারণ করে তুলে রাখবে
ⓖ শুধুমাত্র ধুয়ে তুলে রাখবে ⓖ পোশাক মাড় দিয়ে রাখবে

১৫. **বর্ষায় কোন তন্তুর পোশাক পরিধান করতে হয়?** (জ্ঞান)
ⓚ প্রাকৃতিক তন্তু ● কৃত্রিম তন্তু ⓖ প্রাণিজ তন্তু ⓖ উদ্ভিজ্জ তন্তু

১৬. **কোন তন্তুর পোশাক ইস্ত্রি করার প্রয়োজন হয় না?** (জ্ঞান)
● কৃত্রিম ⓚ প্রাকৃতিক ⓖ রেয়ন ⓖ পশম

১৭. **শীতের পোশাক আলমারিতে কীভাবে রাখতে হয়?** (জ্ঞান)
ⓚ হ্যাজ্গারে ঝুলিয়ে ⓚ সাধারণ কাপড়ের সাথে
● ভাঁজ করে ⓖ নিচের তাকে

১৮. **মৌসুম শেষে কাপড় ধুয়ে শুকিয়ে সংরক্ষণ করাকে কী বলে?** (জ্ঞান)
● মৌসুমি যত্ন ⓚ সাপ্তাহিক যত্ন
ⓖ বার্ষিক যত্ন ⓖ কোনোটিই নয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৯. **পোশাকের যত্ন হলো–** (অনুধাবন)
i. মেরামত করা ii. দাগ অপসারণ করা
iii. ইস্ত্রি করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২০. **ইসমতের স্কুল ড্রেসটি ময়লা হয়েছে। পোশাকটির যত্ন নিতে সে–** (প্রয়োগ)
i. সঠিক নিয়মে ধোবে ii. যথাযথ উপায়ে ভাঁজ করবে
iii. নির্দিষ্ট জায়গায় তুলে রাখবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২১. **পোশাকের দৈনিক যত্ন—** (অনুধাবন)
i. গোসলের সময় সাবান পানি দিয়ে ধোওয়া
ii. বাইরের পোশাক রোদে শুকিয়ে তুলে রাখা
iii. বোতাম লাগানো
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২২. **নিলিমা ছুটির দিনে নিজের পোশাকের যত্ন নেয়। সেদিন সে–** (প্রয়োগ)
i. প্রয়োজনে পোশাকে বোতাম লাগায়
ii. পোশাক ছেঁড়া থাকলে মেরামত করে
iii. নিজের পোশাক নিজে ধুয়ে ইস্ত্রি করে রাখে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২৩. **মৌসুমি যত্ন নিতে হয়–** (অনুধাবন)
i. গ্রীষ্মের পোশাকে ii. বর্ষার পোশাকের
iii. বসন্তের পোশাকের
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. **মিসেস রাহেলা শীতের পোশাক শীতের শেষে যত্ন ও সংরক্ষণ করেন। এর ফলে—** (উচ্চতর দক্ষতা)
i. পরবর্তী বছর নতুন করে পোশাক কিনতে হয় না
ii. প্রয়োজনে সব পোশাক হাতের কাছে পায়
iii. পোশাকের রং অবিকৃত থাকে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
রবপা সপ্তাহের ছুটির দিনে জুতা, ব্যাগ পরিষ্কার করে। সে পোশাকের সাপ্তাহিক যত্ন নেয় এজন্য তার চিন্তা কম থাকে। কিন্তু তার বোন পোশাকের যত্ন নেয় না।

২৫. **রবপা পোশাকের সাপ্তাহিক যত্ন নেয় বলে তার কী নিয়ে চিন্তা করতে হয় না?** (প্রয়োগ)
ⓚ পরবর্তী উৎসবের পোশাকের জন্য
● পরবর্তী সপ্তাহের পোশাকের জন্য
ⓖ পরবর্তী মাসের পোশাকের জন্য
ⓖ পরবর্তী বছরের পোশাকের জন্য

২৬. **রবপার বোন পোশাকের যত্ন না নেওয়ার ফলে—** (উচ্চতর দক্ষতা)
i. দামি পোশাক ব্যবহারের অযোগ্য হয়
ii. অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হয়
iii. পোশাক অনেকদিন টিকে থাকে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

# পাঠ ২ : পোশাক সংরক্ষণ ■ পৃষ্ঠা - ১১৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৭. **পোশাক যথাযথভাবে সংরক্ষণ না করলে কী হয়?** (জ্ঞান)
ⓚ পোশাক অবিকৃত থাকে ⓚ পোশাকের রং নষ্ট হয়
● পোশাকের আয়ু কমে যায় ⓖ পোশাক ছিঁড়ে যায়

২৮. **পোশাক কখন সংরক্ষণ করতে হবে?** (অনুধাবন)
ⓚ ধোওয়ার আগে ● ধোওয়ার পরে
ⓖ পরিধানের পরে ⓖ যে কোনো সময়

২৯. **কোন কোন বস্ত্র একত্রে ধোয়া যায়?** (জ্ঞান)
● সুতি ও লিনেন ⓚ লিনেন ও রেশমি
ⓖ রেশমি ও পশমি ⓖ সুতি ও সিল্ক

৩০. **কোন বস্ত্র ধোওয়ার কাজে তুমি গরম পানি ব্যবহার করতে পারবে?** (প্রয়োগ)
ⓚ রেশমি ও পশমি ⓚ নাইলন ও রেয়ন
ⓖ সুতি ও পশমি ● সুতি ও লিনেন

৩১. **বেলীর দুটি কমলা ও বেগুনী রঙের জামা রয়েছে। সে এগুলো ধুয়ে কীভাবে শুকাবে?** (প্রয়োগ)
ⓚ আগুনে ⓚ রোদে ● ছায়ায় ⓖ ভাপে

৩২. **সাদা কাপড় ধবধবে করার জন্যে কী ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ⓚ মাড় ⓚ সাবান ⓖ ডিটারজেন্ট ● নীল

৩৩. **মিষ্টি দীর্ঘদিন তার সুতি কাপড় আলমারিতে তুলে রাখবে। এজন্য তার কী ব্যবহার না করা ভালো?** (প্রয়োগ)
ⓚ সাবান ⓚ সোডা ⓖ নীল ● মাড়

৩৪. **রেশমি কাপড় ধুতে কী ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ⓚ তীব্র সাবান ও ডিটারজেন্ট ⓚ সোডা ও ক্লোরিন
● মৃদু সাবান ও শ্যাম্পু ⓖ ডিটারজেন্ট ও ক্লোরিন

৩৫. **কোন বস্ত্র সমতলে বিছিয়ে শুকাতে হয়?** (জ্ঞান)
ⓚ সুতি ⓚ লিনেন ⓖ রেশমি ● পশমি

৩৬. **কোন বস্ত্রের ধোওয়ার পর মোচড় দিয়ে পানি নিংড়ানো উচিত নয়?** (অনুধাবন)
ⓚ সুতি ও লিনেন ● রেশমি ও পশমি
ⓖ নাইলন ও পলিয়েস্টার ⓖ রেয়ন ও লিনেন

৩৭. **পশমি বস্ত্র হ্যাজ্গারে ঝুলিয়ে শুকালে কী হতে পারে?** (অনুধাবন)
ⓚ সেলাই খুলে যেতে ⓚ রং নষ্ট হয়ে যেতে পারে
● আকৃতি পরিবর্তন হয়ে যেতে পারে ⓖ ছিঁড়ে যেতে পারে

৩৮. **সিল্ক কাপড় কীভাবে সংরক্ষণ করতে হয়?** (অনুধাবন)

● হ্যাঙ্গারে ঝুলিয়ে ⓚ র‍্যাকে ভাঁজ করে
ⓖ আলমারিতে ভাঁজ করে ⓘ আলনায় গুছিয়ে

**৩৯. ইস্ত্রি করার সময় পোশাকের ভাঁজ ঠিক না থাকলে কোনটি নষ্ট হয়?** (জ্ঞান)
ⓚ পোশাকের আয়ু ● পোশাকের সৌন্দর্য
ⓖ পোশাকের তন্তু ⓘ পোশাকের রং

**৪০. ইস্ত্রি করা পোশাক কখন আলমারিতে সংরক্ষণ করা উচিত?** (জ্ঞান)
ⓚ ইস্ত্রি করার সাথে সাথে ● কিছুক্ষণ উন্মুক্ত অবস্থায় রাখার পর
ⓖ ভাঁজ করার সাথে সাথে ⓘ ভেজা থাকতে ইস্ত্রি করার পর

**৪১. পোশাক সংরক্ষণে ন্যাপথলিনের কাজ কী?** (জ্ঞান)
ⓚ পোকামাকড় আকর্ষণ করা
ⓚ পোকামাকড়ের বংশ বৃদ্ধিতে সাহায্য করা
● পোকামাকড়ের হাত থেকে পোশাক রক্ষা করা
ⓘ পোশাকের সৌন্দর্য বৃদ্ধি করা

**৪২. বর্ষার আগে কাপড় কী করতে হয়?** (জ্ঞান)
ⓚ কাপড়ে বাতাস দিতে হয় ⓚ কাপড়ে তাপ দিতে হয়
● কাপড় রোদে মেলে দিতে হয় ⓘ কাপড় আগুনে পোড়াতে হয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৩. জামা কাপড় উন্মুক্ত অবস্থায় ফেলে রাখলে—** (অনুধাবন)
i. পোকায় কাটে
ii. ধুলাবালি জমে
iii. জলীয়বাষ্পের সংস্পর্শে নষ্ট হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৪৪. কেয়ার সুতির জামা ময়লা হয়েছে। এটি ধুতে সে ব্যবহার করবে—** (প্রয়োগ)
i. সোডা
ii. ক্লোরিন
iii. রিঠার পানি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৪৫. যেসব পোশাক ধুয়ে মোচড় দিয়ে নিংড়ানো যায় না——** (অনুধাবন)
i. রেশমি
ii. সুতি
iii. পশমি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৪৬. ইস্ত্রি করার সময় খেয়াল রাখতে হয়—** (অনুধাবন)
i. পোশাকের ভাঁজের দিকে
ii. পোশাকের নকশার দিকে
iii. পোশাকের রঙের দিকে
**নিচের কোনটি সঠিক?**
● i ⓚ ii
ⓖ i ও ii ⓘ i ও iii

**৪৭. পোকামাকড় ও ছত্রাকের আক্রমণ হয় পোশাক সংরক্ষণের স্থান—** (উচ্চতর দক্ষতা)
i. অন্ধকার হলে
ii. স্যাঁতসেঁতে হলে
iii. কীটনাশক দিলে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৪৮. কাপড় সংরক্ষণ করে রাখলে অনেক সময় পোকায় কাটে। এ পোকা কাটা এড়ানো যায়—** (উচ্চতর দক্ষতা)
i. ন্যাপথলিন ব্যবহারে
ii. কালিজিরা ব্যবহারে
iii. শুকনো নিমপাতা ব্যবহারে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii ⓖ i ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৯ ও ৫০ নং প্রশ্নের উত্তর দাও :**
মিলা মৃদু সাবান ও শ্যাম্পু দিয়ে কিছু পোশাক–পরিষ্কার করল। পোশাক শুকানোর পর তা সংরক্ষণ করতে কিছু জিনিস কাপড়ের ভাঁজে ভাঁজে রাখল।

**৪৯. মিলা কী ধরনের পোশাক–পরিষ্কার করল?** (প্রয়োগ)
ⓚ সুতি ⓚ লিলেন
● রেশমি ⓘ পশমি

**৫০. পোশাকের যত্ন নেয়ার ক্ষেত্রে মিলার ব্যবহৃত জিনিসগুলোর মধ্যে রয়েছে—** (উচ্চতর দক্ষতা)
i. মথবল
ii. শুকনো নিমপাতা
iii. শুকনো আম পাতা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
লাবণ্য শীতের শেষে তার সোয়েটার, জ্যাকেট, মোজা, মাফলার ধুয়ে শুকিয়ে আলমারিতে তুলে রাখল। একদিন বেড়াতে যাওয়ার জন্য তার সিল্কের জামাটি আলমারি থেকে বের করে দেখল জামাটি পোকায় কেটেছে।

ক. রঙিন পোশাক কোথায় শুকানো উচিত?
খ. পোশাকের যত্ন বলতে কী বুঝায়?
গ. লাবণ্য তার শীতের পোশাকগুলোর কোন ধরনের যত্ন নিল? ব্যাখ্যা কর।
ঘ. সঠিক সংরক্ষণ ব্যবস্থার অভাবেই লাবণ্যর জামাটি নষ্ট হয়েছে। বুঝিয়ে লিখ।

### ১নং প্রশ্নের উত্তর

ক. রঙিন পোশাক ছায়ায় শুকানো উচিত।

খ. ময়লা পোশাক সঠিক নিয়মে ধুয়ে, যথাযথ উপায়ে ভাঁজ করে নির্দিষ্ট জায়গায় তুলে রাখাই হচ্ছে পোশাকের যত্ন। আবার ব্যবহার করার ফলে যদি পোশাকটি ছিঁড়ে যায় বা পোশাকটিতে যদি দাগ লেগে যায় তাহলে সেই ত্রুটি দূর করাও পোশাকের যত্নের অন্তর্ভুক্ত।

গ. লাবণ্য তার শীতের পোশাকগুলোর মৌসুমি যত্ন নিল। আমাদের দেশ ষড় ঋতুর দেশ হলেও গ্রীষ্ম, বর্ষা ও শীত– এই তিনটি ঋতুতে পোশাকের যে যত্ন নিতে হয় তাকে মৌসুমি যত্ন বলে। আমাদের পোশাকের মৌসুমি যত্ন আমরা নিজেরাই নিতে পারি। এজন্য গ্রীষ্মের শেষে পাতলা সুতি পোশাকগুলো ধুয়ে ইস্ত্রি করে নির্ধারিত জায়গায় তুলে রাখতে হয়। বর্ষার মৌসুম শেষ হলে কৃত্রিম তন্তুর পোশাকগুলো ধুয়ে যথাযথ জায়গায় ভাঁজ করে রাখলেই হয়, ইস্ত্রি করার প্রয়োজন হয় না। আর শীতের শেষে পশমি সোয়েটার,

জ্যাকেট, মোজা, মাফলার, টুপি ইত্যাদি পোশাক ধুয়ে অথবা ধোয়ার প্রয়োজন না হলে রোদে শুকিয়ে ভাঁজ করে উঠিয়ে রাখতে হয়। এতে পরবর্তী বছর পুনরায় নতুন করে পোশাক কিনতে হয় না। উদ্দীপকে লাবণ্য শীতের শেষে তার সোয়েটার, মোজা, মাফলার ধুয়ে শুকিয়ে আলমারিতে তুলে রেখেছে। লাবণ্যের পোশাকের যত্ন নেওয়ার সাথে পোশাকের মৌসুমি যত্নের মিল রয়েছে। তাই বলা যায়, শীতের শেষে লাবণ্য তার শীতকালীন পোশাকের মৌসুমি যত্ন নিয়েছে।

ঘ. সঠিক সংরক্ষণ ব্যবস্থার অভাবেই লাবণ্যর জামাটি নষ্ট হয়েছে। কথাটি সম্পূর্ণ যৌক্তিক। কেননা পোশাকের যত্নের অন্তর্ভুক্ত একটি বিষয় হলো পোশাক সংরক্ষণ। অব্যবহৃত জামা কাপড় উন্মুক্ত অবস্থায় ফেলে রাখলে পোকামাকড়, ধুলাবালি ও জলীয় বাষ্পের সংস্পর্শে নষ্ট হয়ে যায়। যেহেতু পোশাক একটি ব্যয়বহুল সামগ্রী, তাই যথাযথভাবে এগুলো সংরক্ষণ না করলে পোশাকের আয়ু কমে যায় এবং অর্থেরও অপচয় ঘটে। সিল্ক কাপড়ের পোশাক ধুয়ে ইস্ত্রি করে হ্যাঙ্গারে ঝুলিয়ে রাখতে হয়। কিন্তু পোশাকের সংরক্ষণের ব্যাপারে লাবণ্য উদাসীন ছিল। সে তার সিল্কের জামাটি সংরক্ষণের জন্যে ন্যাপথলিন, কালিজিরা, মথবল, শুকনো নিমপাতা বা কীটনাশক স্প্রে ব্যবহার করেনি। এ কারণে তার জামাটি পোকায় কেটেছে। তাই বলা যায়, সংরক্ষণ ব্যবস্থার অভাবেই লাবণ্যের জামাটি নষ্ট হয়েছে।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

কবিতা প্রতি সপ্তাহে তার স্কুল ইউনিফর্ম, জুতা, ব্যাগ পরিষ্কার করে। ফলে সপ্তাহের শুরুতে সে সুন্দর পরিপাটি হয়ে বিদ্যালয়ে যেতে পারে। পাশাপাশি তার মা, পোশাকের মৌসুমি যত্নের ব্যাপারে অনেক সচেতন। যাতে পরবর্তী বছর প্রয়োজনের সময় সবকিছু হাতের কাছে পাওয়া যায়।

ক. পোশাকের যত্ন কী? ১

খ. পোশাকের দৈনিক যত্ন কীভাবে করবে? ২

গ. কবিতার পোশাকের পরিচ্ছন্নতা কোন ধরনের যত্নের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কবিতার মা যে ব্যাপারে সচেতন তা বিশ্লেষণ কর। ৪

### ২নং প্রশ্নের উত্তর

ক. ময়লা পোশাক সঠিক নিয়মে ধুয়ে যথাযথ উপায়ে ভাঁজ করে নির্দিষ্ট জায়গায় তুলে রাখাই হচ্ছে পোশাকের যত্ন।

খ. প্রতিদিনের পরিধানের পোশাক গোসলের সময় সাবান পানি দিয়ে ধুয়ে ফেলতে হয়। বাইরের ব্যবহৃত পোশাকগুলো ধোয়ার প্রয়োজন না হলে শুধু রোদে শুকিয়ে তুলে রাখতে হয়। এভাবেই পোশাকের দৈনিক যত্ন করতে হবে।

গ. কবিতা প্রতি সপ্তাহে তার স্কুল ইউনিফর্ম, জুতা ও ব্যাগ পরিষ্কার করে। এগুলো সাপ্তাহিক যত্নের অন্তর্ভুক্ত। পোশাক পরিধানের ফলে ময়লা হয়। ময়লা পোশাক সঠিকভাবে ধুয়ে তুলে রাখতে হয়। একে পোশাকের যত্ন বলা হয়। সপ্তাহের ছুটির দিনটিতে পোশাকের বোতাম লাগানোর প্রয়োজন থাকলে বোতাম লাগানো, ছেঁড়া থাকলে তা মেরামত করতে হয়। পোশাক ধুয়ে ইস্ত্রি করে তুলে রাখতে হয়। কবিতা তার ইউনিফর্ম, জুতা ও ব্যাগ সপ্তাহের ছুটির দিনে পরিষ্কার করে। ফলে সপ্তাহের শুরুতে সে পরিপাটি হয়ে স্কুলে যেতে পারে। পোশাকের সাপ্তাহিক যত্ন নেওয়ার সময় যদি বিনোদনের ব্যবস্থা রাখা যায় তাহলে ভালো হয়।

ঘ. কবিতার মা পোশাকের মৌসুমি যত্নের ব্যাপারে সচেতন। আমাদের দেশে গ্রীষ্ম, বর্ষা ও শীত এই তিন ঋতুতে পোশাকের যত্ন নিতে হয়। কবিতার মা গ্রীষ্মের শেষে পাতলা সুতির পোশাকগুলো ধুয়ে ইস্ত্রি করে রাখেন। বর্ষার শেষে কৃত্রিম তন্তুর পোশাক ধুয়ে তুলে রাখেন। এছাড়া শীতের শেষে পশমি সোয়েটার, জ্যাকেট, মোজা, মাফলার, টুপি প্রভৃতি ধুয়ে রাখেন। আর যদি ধোয়ার প্রয়োজন না থাকে তাহলে রোদে শুকিয়ে আলগা ময়লা অপসারণ করে ভাঁজ করে তুলে রাখেন। এতে পরবর্তী বছর নতুন করে আবার পোশাক কিনতে হয় না। পোশাকের যথাযথ সংরক্ষণ করাও যত্নের অন্তর্ভুক্ত। কবিতার মা সংরক্ষণের আগে স্থানটি ঝেড়ে মুছে পরিষ্কার করে কীটনাশক দিয়ে স্প্রে করে নেন। আর যদি দীর্ঘদিন সংরক্ষণ করেন তাহলে কাপড়ের ভাঁজে ভাঁজে ন্যাপথলিন, কালিজিরা, মথবল, শুকনো নিমপাতা ইত্যাদি দিয়ে থাকেন।

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

বর্ণা প্রতিদিন স্কুল থেকে বাসায় ফিরে তার স্কুল ড্রেস বাতাসে শুকাতে দেয়। প্রতিদিনের কাপড় প্রতিদিন পরিষ্কার করে। সে সুতি ও লিনেন কাপড় একসাথে ধোয় না নষ্ট হয়ে যাওয়ার ভয়ে। কিন্তু তার মা তাকে বললেন, "সুতি ও লিনেন বস্ত্রের পোশাক একসাথে ধোওয়া যেতে পারে।"

ক. গ্রীষ্মের শেষে কোন ধরনের পোশাকের যত্ন নিতে হয়? ১

খ. পোশাক সংরক্ষণ করা প্রয়োজন কেন? ২

গ. বর্ণার স্কুল ড্রেস পরিষ্কারের বিষয়টি কোন যত্নের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বর্ণার মায়ের উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. গ্রীষ্মের শেষে পাতলা সুতি পোশাকের যত্ন নিতে হয়।

খ. পোশাক সংরক্ষণ পোশাকের যত্নের অন্তর্ভুক্ত একটি বিষয়। অব্যবহৃত জামা কাপড় উন্মুক্ত অবস্থায় ফেলে রাখলে পোকামাকড়, ধুলাবালি ও জলীয়বাষ্পের সংস্পর্শে নষ্ট হয়ে যায়। যেহেতু পোশাক একটি ব্যয়বহুল সামগ্রী, তাই একে যথাযথভাবে সংরক্ষণ না করলে পোশাকের আয়ু কমে যায় এবং অর্থেরও অপচয় ঘটে। এজন্য পোশাকের সংরক্ষণ প্রয়োজন।

গ. বর্ণার স্কুল ড্রেস পরিষ্কারের বিষয়টি পোশাকের দৈনিক যত্নের অন্তর্ভুক্ত। প্রতিদিন পোশাকের যে যত্ন নিতে হয় তাকে পোশাকের দৈনিক যত্ন বলে। পোশাককে দীর্ঘদিন ব্যবহারযোগ্য করার ক্ষেত্রে পোশাকের দৈনিক যত্ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিদিন যে পোশাক আমরা পরিধান করি তা গোসলের সময় সাবান পানি দিয়ে ধুয়ে এবং বাইরের ব্যবহৃত পোশাকগুলো ধোওয়ার প্রয়োজন না থাকলে রোদে শুকিয়ে যথাযথ স্থানে তুলে রাখি। উদ্দীপকে বর্ণা প্রতিদিন স্কুল থেকে বাসায় ফিরে তার স্কুল ড্রেস বাতাসে শুকাতে দেয়।

প্রতিদিনের কাপড় প্রতিদিন পরিষ্কার করে। সুতরাং বর্ণার স্কুল ড্রেস যত্ন নেয়া পোশাকের দৈনিক যত্নের অন্তর্ভুক্ত।

ঘ. উদ্দীপকে উল্লিখিত বর্ণার মায়ের উক্তিটি হলো, "সুতি ও লিনেন বস্ত্রের পোশাক একসাথে ধোওয়া যেতে পারে।" বর্ণা সুতি ও লিনেন কাপড়ের পোশাক একসাথে ধুয়ে পরিষ্কার করে না নষ্ট হয়ে যাওয়ার ভয়ে। কিন্তু এই ধরনের তন্তুর কাপড় একসাথে সাবান, সোডা, রিঠার পানি, ক্লোরিন, ডিটারজেন্ট ইত্যাদি দিয়ে ধোয়া যায়। উন্নতমানের সুতি, লিনেন বস্ত্রের পোশাকের ক্ষেত্রে মৃদু গুঁড়া সাবান ব্যবহার করা যায়। সাদা কাপড়কে আরো ধবধবে করার জন্য নীল দেওয়া হয়। প্রয়োজন হলে এরূপ বস্ত্রে মাড় দেওয়া যায়। এ ধরনের বস্ত্রে গরম পানি ব্যবহার করলেও ক্ষতি নেই। রোদে শুকালে ভালো হয়। তবে রঙিন বস্ত্র ছায়ায় শুকানো উচিত। সুতরাং বলা যায়, বর্ণার মায়ের উক্তিটির সত্যতা রয়েছে।

**প্রশ্ন –৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মৌ ও লাবনী দুই বোন। মৌ তার পোশাক ইস্ত্রি করার সময় বিভিন্ন বস্ত্রের বিভিন্ন বিষয়ের ও ভাঁজের প্রতি খেয়াল রাখে। তাই তার পোশাকে তিলা পড়ে না। লাবনী তার পোশাক সংরক্ষণ করার ব্যাপারে খুবই উদাসীন। তাই তার পোশাক অল্প দিনেই নষ্ট হয়ে যায়।

ক. কী দিয়ে সাদা কাপড়কে আরো ধবধবে করা যায়? ১
খ. রেশমি পোশাক কীভাবে পরিষ্কার করতে হয়? ২
গ. মৌ–এর ব্যবহৃত পোশাকে তিলা না পড়ার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. লাবনীর কাপড় অনেকদিন যাবৎ ভালো থাকার জন্য তার করণীয় কী? বিশ্লেষণ কর। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

ক. নীল দিয়ে সাদা কাপড়কে আরো ধবধবে করা যায়।

খ. রেশমি পোশাক হালকা গরম পানির সাথে মৃদু গুঁড়া সাবান বা শ্যাম্পু ব্যবহার করে ধুতে হয়। এরূপ বস্ত্রাদির পোশাক খুব চাপ দিয়ে ধোয়া উচিত নয়। রেশমি পোশাক কখনও মোচড় দিয়ে নিংড়ানো যাবে না। আলতোভাবে ধুয়ে ছায়ায় শুকাতে দিতে হয়।

গ. মৌ এর ব্যবহৃত পোশাকে তিলা পড়ে না। কারণ সে তার পোশাক ইস্ত্রি করার সময় কিছু বিষয় খেয়াল রাখে। সে তার সুতি ও লিনেন বস্ত্রাদির পোশাক হালকা ভেজা থাকতে ইস্ত্রি করে। রেশমি–পশমি বস্ত্রের উপর পাতলা একটি ভেজা কাপড় রেখে হালকা চাপ ও তাপে ইস্ত্রি করে। সিল্ক কাপড় ইস্ত্রি করে হ্যাঙ্গারে ঝুলিয়ে রাখে। যে কোনো পোশাক ইস্ত্রি করার সময় সে হাতার ভাঁজ বা পোশাকের চূড়ান্ত ভাঁজের প্রতি খেয়াল রাখে। ইস্ত্রি করার পর সাথে সাথে আলমারিতে সংরক্ষণ না করে বাতাসে উন্মুক্ত অবস্থায় রাখে। এসব বিষয় মেনে চলে বলে মৌ–এর ব্যবহৃত পোশাকে তিলা পড়ে না।

ঘ. লাবনী তার পোশাক সংরক্ষণের ব্যাপারে উদাসীন বলে তার ব্যবহৃত পোশাক অল্প দিনেই নষ্ট হয়ে যায়। তাই সে যদি তার পোশাক অনেকদিন যাবৎ ভালো রাখতে চায় তাহলে তাকে কিছু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেমন–সুতি ও লিনেন পোশাক দীর্ঘদিনের জন্য সংরক্ষণ করতে হলে মাড় দিবে না। পশমি বস্ত্রের পোশাক ধোয়ার প্রয়োজন না হলে রোদে শুকিয়ে নিতে পারেন। অন্ধকার ও স্যাঁতসেঁতে স্থানে পোকামাকড় ও ছত্রাক আক্রমণ করতে পারে তাই সংরক্ষিত স্থানটিতে আলো–বাতাস চলাচলের ব্যবস্থা রাখতে হবে। কাপড়ের ভাঁজে ভাঁজে ন্যাপথলিন, কালিজিরা, মথবল, শুকনো নিমপাতা ইত্যাদি রাখলে দীর্ঘদিনের জন্য সংরক্ষণ করা যাবে। বর্ষার আগে ও পরে সংরক্ষিত কাপড়গুলো রোদে ভালো করে মেলে শুকিয়ে নিলে ভালো হয়। এভাবে যত্ন নিলে লাবনীর পোশাক অনেকদিন যাবৎ ভালো থাকবে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৫ ▶** কণা এক অনুষ্ঠানে বসে চা খাচ্ছিলেন। হঠাৎ তার হাত ফসকে সাদা সুতি শাড়িতে চা ছিটকে পড়ে। বাসায় গিয়ে তিনি সাবান ও নীল দিয়ে দাগ তোলেন। মাড় না দিয়ে লবঙ্গ, নিমপাতা দিয়ে কাপড় আলমারিতে তুলে রাখেন।

ক. পোশাকের মৌসুমি যত্ন কী? ১
খ. রেশমি বস্ত্র ধোয়ার পদ্ধতি কীরূপ? ২
গ. কণা বেগম তার শাড়ির দাগ তুলতে কোন পদ্ধতি ব্যবহার করেন বর্ণনা কর। ৩
ঘ. কণা উক্ত তন্তুর পোশাক সংরক্ষণে কী কী সতর্কতা অবলম্বন করবেন? বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন –৬ ▶** সালমা বেগম অনুষ্ঠান থেকে ফিরে তার রেশমি কাপড়টি অন্যান্য কাপড়ের সাথে অসতর্কতাবশত ধুয়ে ফেললেন। এতে তার শাড়ি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। তিনি গ্রীষ্মকালে আরামের জন্য ফ্ল্যাক্স তন্তুর কাপড় ব্যবহার করেন।

ক. মসিনা থেকে কোন তন্তুর উৎপত্তি? ১
খ. পোশাক সংরক্ষণ করা প্রয়োজন কেন? ২
গ. সালমা বেগমের জন্য গ্রীষ্মকালের উপযোগী তন্তুর বর্ণনা দাও। ৩
ঘ. সালমাকে তার শাড়ি পরিষ্কারের ক্ষেত্রে কোন ধরনের সতর্কতা অবলম্বন করতে হবে? আলোচনা কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ পোশাকের দৈনিক যত্ন কী?**
**উত্তর :** প্রতিদিন পোশাকের যে যত্ন নিতে হয় তাই হচ্ছে পোশাকের দৈনিক যত্ন।

**প্রশ্ন ॥ ২ ॥ পোশাকের সাপ্তাহিক যত্নে কোন ব্যবস্থা রাখলে ভালো হয়?**
**উত্তর :** পোশাকের সাপ্তাহিক যত্নে বিনোদনের ব্যবস্থা রাখলে ভালো হয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ মৌসুমি যত্ন কাকে বলে?**
**উত্তর :** গ্রীষ্ম, বর্ষা ও শীত–এই তিনটি ঋতুতে পোশাকের যে যত্ন নিতে হয় তাকে মৌসুমি যত্ন বলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পোশাক যথাযথভাবে সংরক্ষণ না করলে কিসের অপচয় ঘটে?**
**উত্তর :** পোশাক যথাযথভাবে সংরক্ষণ না কবলে অর্থের অপচয় ঘটে।

**প্রশ্ন ॥ ৫ ॥ রেশমি পোশাক কী ব্যবহার করে ধুতে হয়?**
**উত্তর :** রেশমি পোশাক হালকা গরম পানির সাথে মৃদু সাবান বা শ্যাম্পু ব্যবহার করে ধুতে হয়।

## ● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ পোশাকের যত্নের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।**

**উত্তর :** পোশাকের পরিচ্ছন্নতা, স্থায়িত্ব ও সৌন্দর্য পরিধানকারীর যত্নের ওপর নির্ভর করে। প্রয়োজনমতো দৈনিক, সাপ্তাহিক ও বিভিন্ন ঋতুতে ব্যবহৃত জামা–কাপড় পরিষ্কার করে ধুয়ে, শুকিয়ে জায়গা মতো গুছিয়ে রাখলে পোশাকের মলিনতা দূর হয়। নতুনত্ব ফিরে আসে। তাছাড়া পোশাক টেকসই থাকে। প্রয়োজনের সময় ব্যবহার করা যায়। অর্থেরও অপচয় হয় না।

**প্রশ্ন ॥ ২ ॥ পোশাকের মৌসুমি যত্ন বলতে কী বোঝ?**

**উত্তর :** আমাদের দেশ ষড় ঋতুর দেশ হলেও মূলত তিনটি ঋতুতেই পোশাকের যত্ন নিতে হয়। এক্ষেত্রে গ্রীষ্মের শেষে পাতলা সুতির পোশাকগুলো ধুয়ে ইস্ত্রি করে নির্ধারিত জায়গায় তুলে রাখতে হয়। বর্ষার শেষে কৃত্রিম তন্তুর পোশাকগুলো ধুয়ে যথাযথ জায়গায় ভাঁজ করে রাখতে হয়। অন্য দিকে শীতের শেষে পশমি পোশাকগুলো ধুয়ে অথবা ধোয়ার প্রয়োজন না থাকলে রোদে শুকিয়ে আলগা ময়লা অপসারণ করে ভাঁজ করে উঠিয়ে রাখতে হয়। এভাবে বিভিন্ন ঋতুর শেষে পোশাক ধুয়ে শুকিয়ে যথাযথভাবে গুছিয়ে রাখাই হলো পোশাকের মৌসুমি যত্ন।